

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

স্মারক নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০১০.২৩-২৮৫


তারিখ: ০৯ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ।
২৩ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ১২/০৫/২০২৪ খ্রিঃ তারিখে ভর্তির ফলাফল (নির্বাচিত ও অপেক্ষমান তালিকা) প্রকাশ করা হয়। উক্ত মেধা তালিকা হতে ২৭/০৫/২০২৪ তারিখ থেকে ৩০/০৫/২০২৪ তারিখ পর্যন্ত ভর্তি করা হয়। পরবর্তীতে আসন শূণ্য থাকায় মেধা ক্রমানুযায়ী ২য় মাইগ্রেশন ও ৩য় মেধা তালিকা বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট (www.dot.gov.bd) ও সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য তথ্যাবলীঃ

- ১। অপেক্ষমান তালিকা হতে ৩য় মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থী ও ২য় মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ২৪/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ৯:০০ টা হতে ২৬/০৬/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ৪:০০ টা পর্যন্ত নির্ধারিত প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।
 - ২। ভর্তির সময় প্রার্থীর এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
 - ৩। ভর্তির সময় প্রার্থীর ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে।
 - ৪। হল পরিদর্শক কর্তৃক পরীক্ষার দিন স্বাক্ষরিত প্রবেশ পত্রের কপি ও এইচএসসি রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি সংগে আনতে হবে।
 - ৫। ভর্তির জন্য ১৮,৫০০/- (আঠারো হাজার পাঁচ শত) টাকা ব্যাংক/নগদ জমা দিয়ে রশিদ প্রদর্শন পূর্বক রেজিস্ট্রারের নিকট হতে ভর্তির ফরম ও অঙ্গীকারনামা সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে রেজিস্ট্রার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
 - ৬। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত নির্ধারিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
 - ৭। সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ
 - (ক) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত সনদ পত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সন্তান ও মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের কমিশনার/ মেয়র কর্তৃক প্রত্যয়ন পত্র ভর্তির সময় প্রদান করবেন।
 - (খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রেঃ রাজামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার/ জেলা প্রশাসকের ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্রের মূল কপি জমা দিতে হবে।
 - ৮। ভর্তির পর মাইগ্রেশন করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের ভর্তিকৃত কলেজ ব্যতিত পছন্দের অন্যান্য কলেজসমূহের নাম লিখে নির্ধারিত আবেদনপত্র জমা দিতে হবে। উল্লেখ্য ইতোপূর্বে আবেদনকৃতদের পুনরায় নতুন আবেদন করতে হবে।
 - ৯। মাইগ্রেশন ফি ৪,০০০/- (তিন হাজার) টাকা মাইগ্রেশনকৃত কলেজে পরিশোধ করতে হবে।
- বিঃ দ্রঃ ভর্তির বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ নূরুজ্জামান)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০১০.২৩-১৮৫

তারিখ: ০৯ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ।
২৩ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যাপক ড. মোহাম্মদ আলী, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ ও কলেজ পরিদর্শন (অতিরিক্ত দায়িত্ব), , বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। জনাব মোঃ জিল্লুর রহমান, উপসচিব (বস্ত্র-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, পাবনা।
- ৪। অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৫। শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, আড়ুয়াকান্দি, মধুপুর বাজার, সদর, ঝিনাইদহ।
- ৬। শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সি এন্ড বি রোড, বরিশাল।
- ৭। অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, চট্টগ্রাম।
- ৮। অধ্যক্ষ, ড. এম. এ ওয়াজেদ মিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর।
- ৯। অধ্যক্ষ, শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ।
- ১০। অধ্যক্ষ, শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মেলান্দহ, জামালপুর।
- ১১। উপপরিচালক (শিক্ষা), টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ১২। অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপাচার্য, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

হোসনে আরা বেগম

(হোসনে আরা বেগম)

পরিচালক (উপসচিব), শিক্ষা

বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

ও

সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি।